



বাংলাদেশ দৃতাবাস
ব্যাংকক

নং: ১৩৫

প্রেস বিজ্ঞপ্তি

ব্যাংকক, ১৯ ডিসেম্বর ২০২২

বাংলাদেশ দৃতাবাস, ব্যাংকক আজ যথাযোগ্য মর্যাদায় ‘আন্তর্জাতিক অভিবাসী দিবস’ পালন করে। অনুষ্ঠানের শুরুতে দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী এবং প্রবাসী সচিব কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়।

সংক্ষিপ্ত আলোচনা পর্বে দৃতাবাসের প্রথম সচিব (শ্রম) জনাব মোঃ ফাহাদ পারভেজ বসুনীয়া অংশগ্রহণ করেন। এছাড়া অভিবাসী দিবসের তাঃগর্য নিয়ে দৃতাবাসের মিনিস্টার (রাজনৈতিক) ও মিশন উপপ্রধান মিজ মালেকা পারভীন, ইকনোমিক মিনিস্টার জনাব সৈয়দ রাশেদুল হোসেন এবং কাউন্সেলর (রাজনৈতিক) মিজ দয়াময়ী চক্রবর্তী বক্তব্য রাখেন।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই তাঁর বক্তব্যে প্রবাসী কর্মীদের দক্ষতার উপর গুরুত্বারূপ করেন এবং প্রবাসে অধিক সংখ্যক বাংলাদেশি কর্মী নিয়োগের বিষয়ে দৃতাবাসের সকলকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দৃতাবাসের প্রথম সচিব (শ্রম) জনাব মোঃ ফাহাদ পারভেজ বসুনীয়া।

